মেহেরপুরে স্বপ্ন’র মাস্ক ও গাছের চারা বিতরণ

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন স্বপ্ন পরিবারের তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জনসাধারণের মাঝে ৩ হাজার মাস্ক ও গাছের চারা বিতরণ করা হয়।

রবিবার সকাল ৯ টার দিকে সংগঠনটির সভাপতি সাংবাদিক তুহিন অরণ্য মাস্ক ও চারা বিতরণের উদ্বোধন করেন।

উদ্বোধনের সময় তিনি বলেন, করোনাকালে এখন মাস্ক মানুষের নিরাপদে থাকার একমাত্র অবলম্বন। তিনি আরও বলেন মেহেরপুরের স্বেচ্ছাসেবী সংগঠন স্বপ্নের পথচলার ৩য় বর্ষপূর্তি। সময়ের সাথে আমরা ঐক্যবদ্ধ ছিলাম, আছি এবং সৃষ্টিকর্তা চাইলে ভবিষ্যতেও থাকব! আপনাদের সকলের নিরলস সমর্থন, প্রার্থণা ও ভালোবাসা আমাদের সামনে এগিয়ে যাওয়ার মূল অনুপ্রেরণা।

প্রাকৃতিক পরিবেশকে বসবাস উপযোগী করে তুলতে ও করোনা ভাইরাস এর ভয়াবহতা রোধে, সকলের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে এবারের বর্ষপূর্তিতে প্রয়োজনীয় সামাজিক দূরত্ব বজায় রেখে স্বপ্ন পরিবার হাতে নিয়েছে ৩ হাজার গাছের চারা ও ৩ হাজার ভাইরাস সুরক্ষা মাস্ক বিতরণ কর্মসূচি। আসুন, প্রকৃতি বাঁচাতে গাছ লাগাই, নিজে বাঁচতে মাস্ক ব্যবহার করি।

মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানের সামনে থেকে মাস্ক ও চারা বিতরণের কার্যক্রম শুরু করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক আলতাফ মাহমুদ, আবির, আকাশ, সুজন শাহ্, মুবিন, সজল, বাশারুল, রিপন, মামুন, মীম, নুসরাত, বিভা, শ্রাবণী, শিল্পী, মাহী, বিথী, মুসকান সহ আরও অনেকে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনা সনাক্ত হয়নি

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় কোন করোনা রোগী সনাক্ত হয়নি। গতকাল শনিবার বিকালে করোনা মেহেরপুরে আরো ৬ টি রিপোর্ট এসেছে যার সবগুলো নেগেটিভ।

মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন জানান, নতুন করে যে সকল নমুনা পাঠানো হয়েছিল তার মধ্যে ৬ জনের মধ্যে করোনা ভাইরাসের কোন নমুনা পাওয়া যায়নি।

এ নিয়ে মেহেরপুর জেলায় ১ হাজার ৯শ ১৮ জনের মধ্যে ৯২ টি পজেটিভ । যার মধ্যে ৩৩ জন সুস্থ হয়েছেন এবং মৃত্যুবরণ করেছে ৫ জন।

গাংনীতে রড চুরির মামলায় ব্যবসায়ী কালাম আটক

মেহেরপুরের গাংনীতে রড চুরির সাথে জড়িত থাকার অভিযোগে আবুল কালাম সহ অজ্ঞাত নামা কয়েক জনের নামে মামলা দায়ের করা হয়েছে। আবুল কালাম ভাইস চেয়ারম্যান প্রার্থী ছিলেন।

শনিবার রাতে গাংনী হাসপাতাল বাজারের মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্সের মালিক মোজাম্মেল হক বাদী হয়ে মামলাটি দায়ের করেন।

মামলার আসামী আবুল কালামকে আটক করেছে পুলিশ। আবুল কালাম ভাবানীপুর গ্রামের শের আলী মন্ডলের ছেলে। সে বর্তমানে চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয় পাড়ায় বসবাস করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, শুক্রবার দিনগত রাতের কোন এক সময় গাংনী হাসপাতাল বাজারের মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্সে রড,এ্যাঙ্গেল বার,প্লেন সিট, ষ্টিল চুরি হয়। গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে

সাবেক ভাইস চেয়ারম্যান প্রার্থী ও জহুরা এন্টারপ্রাইজের মালিক আবুল কালাম আজাদের গোডাউন থেকে চুরি যাওয়া মালামাল উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মালামালের আনুমানিক ওজন ১শ’ ৮০ কেজি। চুরি যাওয়া মালামাল উদ্ধার ও চুরির সাথে জড়িত থাকার অভিযোগে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ০৬। তাং ০৪.০৭.২০২০ ইং।

তিনি আরো জানান, চুরির ঘটনার সাথে আরো কয়েকজন জড়িত রয়েছে। আবুল কালাম বিভ্রান্তি মুলক তথ্য দিচ্ছে। একারনে সঠিক তথ্য উৎঘটনের জন্য রিমান্ডের জন্য আদালতে আবেদন করা হবে।

মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্স এর মালিক মোজাম্মেল হক জানান, প্রতিদিনের ন্যায় আমি ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বাসায় চলে যায়। শনিবার সকালে দোকান খুলে চুরির বিষয়টি বুঝতে পারি। পরে পুলিশ কালামের গোডাউনে হারানো মালামাল পুলিশ উদ্ধার করে। এ ঘটনায় গাংনী থানায় একটি এজাহার দায়ের করেছি। আবুল কালাম পুলিশ হেফাযতে থাকার কারনে তার বক্তব্য জানা সম্ভব হয়নি। তবে তার পরিবার ঘটনাটি ষড়যন্ত্র দাবি করেছে।

মেহেরপুরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ননী গোপাল স্মরণে স্মরণসভা

মেহেরপুরে শিক্ষক ও সাংস্কৃতিক ব্যাক্তিত্ব, ভাষা সংগ্রামী ও মুক্তিযুদ্ধ সংগঠক প্রয়াত ননী গোপাল স্মরণে স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সন্ধায় অরনণি থিয়েটার এ স্বরণসভার আয়োজন করে।

স্বরণসভায় বক্তব্য দেন, ননী গোপাল ভট্টাচার্যের বড় ছেলে কাজল ভট্টাচার্য, মেহেরপুর সরকারি কলেজের সাবেক উপাধাক্ষ অধ্যাপক হাসানুজ্জামান মালেক, জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর

রহমান, ওস্তাদ শামীম জাহাঙ্গীর সেন্টু, অবসর এর সভাপতি জানে আলম, মৃত্তিকা গ্রুপ থিয়েটারের সভাপতি মানিক হোসেন, সাহিত্য পরিষদের সভাপতি নুর আলম, অরনি থিয়েটারের সাধারণ সম্পাদক আতিক স্বপন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অরনি থিয়েটারের সভাপতি নিশান সাবের।

উল্লেখ্য, গত ২৭ জুন শনিবার বিকাল ৫টা ১০ মিনিটে তিনি বার্ধক্যজনিত কারণে নিজ শহরের হোটেলবাজারস্থ নিজ বাসভবনে পরলোকগমন করেন।

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নে বৃক্ষরোপণ কর্মসূচি

মেহেরপুরে পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়েছে। শনিবার পিরোজপুর গ্রামের বিভিন্ন জায়গায় ১ হাজার বৃক্ষরোপণ করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন এর নির্দেশনায় পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রাশেদুল ইসলাম মানিক ও সাধারণ সম্পাদক সাকিবুর রহমান প্রতিকের উদ্যোগে এই বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি দুলাল মাহমুদ, যুগ্ম সাধারন সম্পাদক আহসান হাবিব অনিক, শিক্ষা ও পাঠ চক্র বিষয়ক সম্পাদক রকিবুল ইসলাম, মেহেরপুর সদর থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলাকার নাইন বায়জিদ, সাধারণ সম্পাদক ফয়সাল খান, মেহেরপুর জেলা শাখা সজীব ওয়াজেদ জয় পরিষদের সিনিয়র সহ সভাপতি রুবেল হাসান।

মেপ্র/এমএফআর

মুজিবনগরের ইউএনও’র পদন্নোতি, এডিসি হিসাবে গোপালগঞ্জে বদলি

মেহেরপুরের মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো ওসমান গনি কে পদন্নোতি দিয়ে গোপালগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে বদলি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ ব্যাপারে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

ওসমান গনি উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে মুজিবনগরে যোগদান করার পর থেকে সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড থেকে শুরু করে বিভিন্ন কর্মকাণ্ড সুচারুরূপে সম্পন্ন করায় ব্যাপক প্রশংসা অর্জন করেন। ওসমান গনি কে গোপালগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে পদোন্নতি লাভ করায় বিভিন্ন মহল থেকে অভিনন্দন জানানো হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় এনএসআই সদস্য আহত

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় এনএসআই এর ফিল্ড অফিসার রাজু আলী গুরুতর জখম হয়েছে। শনিবার সন্ধায় মেহেরপুর কলেজ মোড়ে বাস ও মোটরসাইকেলের সংঘর্ষে তিনি আহত হন। একই সময় সাথে থাকা জুনিয়র ফিল্ড অফিসার আতিকুর রহমান অল্পের জন্য রক্ষা পেয়েছেন।

পত্যক্ষদর্শীরা জানান, মোটরসাইকেল যোগে দুই এনএসআই সদস্য আমঝুপির দিক থেকে মেহেরপুরে আসছিল। এমন সময় কেলজ মোড়ে পৌছালে এসএম পরিবহনের লোকাল বাস এসে ধাক্কা দিলে দুজনেই রাস্তায় পড়ে যায়। এতে আতিকুর রহমান অল্প আঘাত পেলেও রাজু আলী গুরুতর জখম হয়েছে।

পরে তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসাপাতালের জুরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক জানান, রাজুর পায়ে ও বুকে আঘাত লেগেছে। তবে এক্সরে করতে পাঠানো হয়েছে রিপোর্ট আসার পর জানা যাবে আঘাত কতটুকু।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের আমদহ ইউনিয়নে যুবলীগের বৃক্ষরোপণ

“গাছ লাগাও, পরিবেশ বাচাও”এই স্লোাগানে কেন্দ্রীয় যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারন সম্পাদক মাইনুল হোসেন খান নিখিলের আহবানে বৃক্ষরোপণ র্কমসূচরি অংশ হিসেবে বৃক্ষরোপণ র্কমসূচির গ্রহন করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

শনিবার বিকালে সদর উপজেলা আমদহ ইউনিয়ন যুবলীগের উদ্যোগে আমদহ মসজিদ ও কবরস্থানে ৫ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃক্ষরোপনের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি আহমেদ সুইট, সাধারণ সম্পাদক আব্দুস সামাদ, আমদহ জামে মসজিদ কমিটির সাধারণ সম্পাদক দরুদ আলী সহ স্থানীয় নেতাকর্মীরা।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ক্রয়কৃত জমিতে ঘর নির্মানে বাধাঁ দেওয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুরে ক্রয়কৃত জমিতে ঘর নির্মান করতে গিয়ে প্রতিবেশির বাধাঁ মুখে পড়েছেন শরিফন খাতুন নামের এক মহিলা।

জমি দখল নেওয়ার দাবিতে শনিবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেছেন তিনি।

সংবাদ মম্মেলনে ভুক্তভোগি শরিফন খাতুন বলেন, আমি গত দুই বছর আগে একই গ্রামের আনছার আলীর ও তার ভাইদের সাথে ৫ কাঠা জমি ক্রয় করি। সেই জমির পাশে আমি বসবাস করে আসছি। এখন আমি ক্রয়কৃত জমিতে ঘর নির্মান করতে গেলে প্রতিবেশি কিবরিয়া বিশ্বাসের ছেলে লিটন, রেন্টু, তাদের ভাগ্নে সজিব ও অপর এক প্রতিবেশি চকলেট ঘর নির্মানে বাধাঁ দেয়। সেই সাথে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ ও মারধর করে। এই ব্যাপারে স্থানীয় ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর কাছে বিচারের দাবি জানালে তিনি বলেন কোর্টে যেতে। এর পর আমি পুলিশকে অভিযোগ করি সেখানেও কোন সুফল পাইনি। আসামীরা ইউপি চেয়ারম্যানের আত্মীয় এবং প্রভাবশালী হওয়ায় কোন জায়গাতেই সুবিচার পাইনি। উল্টো নিজেকেই হুমকির মুখে পড়তে হয়েছে।

এ ব্যাপারে মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর কাছে বিষয়টি জানতে চাইলে তিনি মেহেরপুর প্রতিদিনকে বলেন, যেহেতু জমি জায়গার ব্যাপার তাই আমি তাদের কোর্টে অভিযোগ করার পরামর্শ দিযেছি।

এ বিষয়ে অভিযুক্তদের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তারা কেউই ফোন রিসিভ করেননি।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৩ জুয়াড়ি আটক

মেহেরপুরে ডিবি পুলিশের অভিযানে ৩ জুয়াড়ি আটক হয়েছে। সেই সাথে নগদ টাকা ও সরঞ্জাম জব্দ করা হয়। গত শুক্রবার দিবাগত রাতে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুরের গাংনী হাড়াভাঙ্গা গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বোয়ালিয়া গ্রামের শামসুল বিশ্বাসের ছেলে মোহাম্মদ মল্লিক, হাড়াভাঙ্গা গ্রামের গোলাম রসুল এর ছেলে মন্টু মিয়া, একই গ্রামের তফিজ উদ্দিন এর ছেলে মজনু মিয়া।

মেহেরপুর ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, নগদ টাকাসহ ৩ জুয়াড়িকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে ১৮৬৭ সালের প্রকাশ্যে জুয়া আইন এর ৪ ধারায় মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর